


জুলাই-সেপ্টেম্বর ২০২৫ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা

NORTH-WEST POWER GENERATION COMPANY LIMITED

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ**

আইএসও ৯০০১: ২০১৫, আইএসও ১৪০০১: ২০১৫ এবং আইএসও ৪৫০০১: ২০১৮ সনদপ্রাপ্ত

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা
**জুলাই-সেপ্টেম্বর ২০২৫ সংখ্যা**

**উপদেষ্টামন্ডলী**

**এস. এম. হাবীবুর রহমান সিদ্দিক**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ মোশাররফ হোসেন**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

**প্রকাশক**
**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

**সমন্বয়ক**
**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**সহকারী সম্পাদক**
**আখতার মাহমুদ**
উপ-ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/

## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড নিয়মিতভাবে কোম্পানির কর্মকান্ডের তথ্য সকলের জ্ঞাতার্থে প্রকাশ করে আসছে। এ ধারাবাহিকতায় কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ, বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম এবং বিভিন্ন সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর ২০২৫-২০২৬ অর্থবছরের ১ম সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে। এ সংখ্যায় কোম্পানির বিভিন্ন কার্যক্রম তুলে ধরা হয়েছে। যাতে করে জনসাধারণ অত্র কোম্পানির জনকল্যাণমূলক কর্মকাণ্ড সম্পর্কে অবহিত হতে পারে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের এ সকল লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

সাম্প্রতিককালে বৈশ্বিক জ্বালানি সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার নানান বাস্তবমুখী উদ্যোগ নিয়েছে যা প্রশংসনীয়। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে কাজ করতে বদ্ধপরিকর। এ কারণে জ্বালানি সংকট সত্ত্বেও নানামুখী পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন অব্যাহত রেখেছে অত্র কোম্পানি। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির কর্মকাণ্ড ও অগ্রগতির চিত্র জনগণের সামনে তুলে ধরবে। এনডব্লিউপিজিসিএল বার্তা এর ২০২৫-২০২৬ অর্থবছরের ১ম সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

# স্বাগত বক্তব্য



প্রকৌ. হাসিবুল হাসান, ব্যবস্থাপনা পরিচালক, এনডব্লিউপিজিসিএল

আমি অত্যন্ত আনন্দিত যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ২০২৫-২৬ অর্থ বছরে 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর ১ম সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন, সাফল্যের চিত্র সংক্রান্ত কার্যক্রমের সংবাদ জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়ে থাকে এই ত্রৈমাসিক প্রকাশনায়। 'এনডব্লিপিজিসিএল বার্তা'র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহণের মাধ্যমে উপকৃত হবেন। এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগণের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি।

পরিশেষে, আমি 'এনডব্লিপিজিসিএল বার্তা' এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি এবং একই সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

# সূচীপত্র

কোম্পানি পরিচিতি ৪

এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ ৫

জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৫ (৩৬ জুলাই) উদযাপন ৬

‘অফিস সহায়কের সেবার মানোন্নয়ন’ শীর্ষক প্রশিক্ষণ ৭

"কর্মক্ষেত্রে পেশাদারিত্ব, ছুটি, সুবিধাদি, শৃঙ্খলা ও শাস্তি" বিষয়ক প্রশিক্ষণ ৮

কোম্পানি সচিবালয়ের সিপিডি প্রোগ্রাম আয়োজন ৯

প্রধান প্রকৌশলী কে এম. এম. রেসালাত রাজিব-এর বিদায় সম্বর্ধনা ১০

পায়রা ৬০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এর জন্য এনডব্লিউপিজিসিএল এর সাথে ওএন্ডএম সলিউশনস বাংলাদেশ লিমিটেড-এর মধ্যে চুক্তি স্বাক্ষর ১১

মধুমতি ১০০ মেঃওঃ এইচএফও ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের সংরক্ষণ কার্যক্রম ১২

# কোম্পানি পরিচিতি

দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে।

কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ১০ (দশ) টি বিদ্যুৎ কেন্দ্রের নেট উৎপাদন ক্ষমতা ৩১৩১.১৩ মেঃওঃ। অল্প সময়ে কোম্পানির এরূপ আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে।

আশা করা যায়, ২০৩৫ সালের মধ্যে কোম্পানি ১০,০০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, সচিব, জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ বিভাগ এবং ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন প্রকৌশলী হাসিবুল হাসান।

# এক নজরে কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪ |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩<br>কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬ |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | সিম্পল সাইকেল: মে ২০১৭<br>কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭ |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | ফেব্রুয়ারী ২০১৮ |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | সিম্পল সাইকেল: আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯ |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | এপ্রিল ২০১৯ |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | সিম্পল সাইকেল: অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯ |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | কয়লা | ১২৪৪ | ১ম **ইউনিটঃ** মে, ২০২০<br>২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০ |
| ৯ | সিরাজগঞ্জ ৬.৫৫ মেঃওঃ (এসি) গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬.১৩ | ৩০ মার্চ ২০২১ |
| ১০ | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক (যৌথ মালিকানা) | --- | ৬৮ | **সেপ্টেম্বর ২০২৪** |
| | | **বর্তমানে মোট নেট উৎপাদন ক্ষমতা** | **৩১৩১.১৩ মেঃওঃ** | |

# জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৫ (৩৬ জুলাই) উদযাপন

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৫ (৩৬ জুলাই) উদযাপিত হয়। এ উপলক্ষে বিশেষ করে ভেড়ামারা ৪১০ মে:ও: কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র, ভেড়ামারা, কুষ্টিয়া-এর পক্ষ হতে স্থানীয় বাহিরচর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং স্থানীয় একটি মাদ্রাসায় ৩৬টি ভেষজ এবং ফল গাছ রোপণ করা হয়। এছাড়া, জুলাই গণঅভ্যুত্থান বীর শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রের মসজিদে বিশেষ মোনাজাত ও প্রার্থনা অনুষ্ঠিত হয়। কোম্পানির অন্যান্য বিদ্যুৎ কেন্দ্র ও কর্পোরেট অফিসে জুলাই আন্দোলনের গ্রাফিতিসমূহ ও জুলাই আন্দোলনের স্পিরিট সম্বলিত পোস্টার দৃশ্যমান স্থানে প্রদর্শিত হয়।






# ‘অফিস সহায়কের সেবার মানোন্নয়ন’ শীর্ষক প্রশিক্ষণ

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গত ২৬-২৮ জুলাই, ২০২৫ তারিখে কর্পোরেট অফিসের প্রশিক্ষণ কক্ষে ‘অফিস সহায়কের সেবার মানোন্নয়ন’ শীর্ষক তিন দিনব্যাপী একটি সফল প্রশিক্ষণ কোর্স আয়োজন করেছে।

কোম্পানির কর্পোরেট অফিস, বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্র এবং প্রকল্প থেকে মোট ১৯ জন অফিস সহায়ক এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণার্থীদের কর্মক্ষেত্রে আরও কার্যকর ও পেশাদারী ভূমিকা পালনে সক্ষম করে তোলাই ছিল এই আয়োজনের প্রধান উদ্দেশ্য।

প্রশিক্ষণ কার্যক্রমে প্যান প্যাসিফিক সোনারগাঁও, ঢাকা এবং রিজিওনাল পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন ট্রেনিং সেন্টার (আরপিএটিসি), ঢাকা থেকে আগত বহিঃস্থ দক্ষ প্রশিক্ষকগণসহ এনডব্লিউপিজিসিএল-এর অভ্যন্তরীণ অভিজ্ঞ প্রশিক্ষকগণ কর্তৃক সেশন পরিচালনা করা হয়।



# "কর্মক্ষেত্রে পেশাদারিত্ব, ছুটি, সুবিধাদি, শৃঙ্খলা ও শাস্তি" বিষয়ক প্রশিক্ষণ

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (নওপাজেকো)-এর কর্মচারীদের কার্যদক্ষতা ও পেশাদারী ভূমিকা পালনে অধিকতর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নওপাজেকো-এর আওতাধীন ভেড়ামারা ৪১০ মে:ও: কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র কর্তৃক বিদ্যুৎ কেন্দ্রের প্রশিক্ষণ কক্ষ,ভেড়ামারা, কুষ্টিয়ায় গত ৩০/০৮/২০২৫ ইং হতে ০১/০৯/২০২৫ ইং পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী "কর্মক্ষেত্রে পেশাদারিত্ব, ছুটি, সুবিধাদি, শৃঙ্খলা ও শাস্তি" বিষয়ক ০১ (এক)টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।

উক্ত প্রশিক্ষণ কোর্সে ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রসহ কোম্পানির অন্যান্য দপ্তরের মোট ২৭ (সাতাশ) জন কর্মচারী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে সকল প্রশিক্ষণার্থীর মূল্যায়ন পরীক্ষা গ্রহণপূর্বক একটি মেধাতালিকা প্রণয়ন করা হয়। সমাপনী অনুষ্ঠানে মেধাতালিকায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারকারী কর্মচারীদের মাঝে সম্মাননাসূচক ক্রেস্ট এবং সকল প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করা হয়।







# কোম্পানি সচিবালয়ের সিপিডি প্রোগ্রাম আয়োজন

২৪ জুলাই ২০২৪ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) এর কর্পোরেট অফিসের ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, মানবসম্পদ এবং প্রশাসন বিভাগ ও কোম্পানি সচিবালয়ের কর্মকর্তাগণের সমন্বয়ে ০১ টি CPD (Continuous Professional Development) অনুষ্ঠিত হয়। সিপিডি প্রোগ্রামের আলোচ্য বিষয় ছিল- ‘Risk Assessment and Mitigation for Secretarial Functions’ উক্ত CPD-এর আলোচক ছিলেন জনাব বিমল চন্দ্র রায়, কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল।









# প্রধান প্রকৌশলী কে এম. এম. রেসালাত রাজিব-এর বিদায় সম্বর্ধনা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী), জনাব কে এম. এম. রেসালাত রাজিব মহোদয়, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিঃ এর নির্বাহী পরিচালক হিসেবে নির্বাচিত হওয়ায় গত ৩১ জুলাই ২০২৫ তারিখে চাকুরি হতে স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন। এ প্রেক্ষিতে তাঁকে কোম্পানির পক্ষ থেকে বিদায় সম্বর্ধনা প্রদান করা হয়।



# পায়রা ৬০ মেগাওয়্যাট সৌর বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এর জন্য এনডব্লিউপিজিসিএল এর সাথে ওএন্ডএম সলিউশনস বাংলাদেশ লিমিটেড-এর মধ্যে চুক্তি স্বাক্ষর

২২/৯/২০২৫ তারিখে পায়রা ৬০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প, কলাপাড়া, পটুয়াখালীর জন্য বিস্তারিত সম্ভাব্যতা যাচাই (ডিএফএস), পরিবেশগত ও সামাজিক প্রভাব মূল্যায়িন (ইএসআইএ), প্রাথমিক পরিবেশগত পরীক্ষা (আইইই) সাইট ক্লিয়ারেন্স, প্ল্যান্ট ডিজাইন, ট্রান্সমিশন লাইনের জন্য রুট জরিপ (আরএস) এবং ভূমি জরিপের জন্য পরামর্শ পরিষেবা (Consultancy Service) প্রদানের নিমিত্ত নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড ও ওএন্ডএম সলিউশনস বাংলাদেশ লিমিটেড এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়।



## মেকানিক্যাল মেইন্টেন্যান্স কাজের ছবি

১। Instrument Air Compressor (Gardner Denver) এর 8000 hr Schedule maintenance কাজের আওতায় Lube oil filter, Compressor oil ও Belt পরিবর্তন করা হয়। এছাড়াও Air inlet valve ও Air discharge valve kit পরিবর্তন করা হয়।




**চিত্রঃ Air inlet valve এর kit পরিবর্তন করা হচ্ছে**





**চিত্রঃ Air discharge valve এর kit পরিবর্তন করা হচ্ছে**



চিত্রঃ **Belt পরিবর্তন করা হচ্ছে**



চিত্রঃ **Lube oil filter পরিবর্তন করে Compressor oil দেওয়া হচ্ছে**

২। Lube oil separator unit #1 এর 18 month schedule maintenance (Overhauling) কাজের আওতায় Bearing, Rubber buffet, Belt ও অনান্য Seal পরিবর্তন করা হয়। হয়। পুরাতন Lube oil বের করে নতুন Lube oil দেওয়া হয়।






চিত্রঃ **Top bowl** খুলে সকল **kit** পরিবর্তন করা হচ্ছে





চিত্রঃ **Disc** ও অনান্য **parts** পরিষ্কার করা হচ্ছে





চিত্রঃ **Bearing** পরিবর্তন করা হচ্ছে




চিত্রঃ **Rubber buffet** পরিবর্তন করা হচ্ছে

# ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স কাজের ছবি


১. Engine 2 এর ২০০০ ঘণ্টার নির্ধারিত রক্ষণাবেক্ষণ করা হয়েছে। কাজের তালিকা নিচে দেওয়া হলো-

সেফটি ফাংশন (overspeed, HT Shutdown, LO pressure shutdown) পরীক্ষা করা হয়েছে। OMD, charge air bypass valve, starting air, stop, emergency stop solenoid valve এর কার্যকারিতা পরীক্ষা করা হয়েছে। সবগুলো ঠিক পাওয়া গেছে। charge air bypass valve এর ফিল্টারের অবস্থা পরিদর্শন এবং পরিষ্কার করা হয়েছে।

চিত্রঃ Engine 2 এর ২০০০ ঘণ্টার কাজের সময়


২. 11 KV switchgear রুমের feeder panel#1 এর ছয় মাসের নির্ধারিত রক্ষণাবেক্ষণ এর আওতায় VCB এর প্লাগ ক্যাবলের spring, motor, cable insulation এবং terminal connection পরিদর্শন করা হয়েছে। Contact point পরীক্ষা, পরিষ্কার এবং গ্রিজ করা হয়েছে। Display, digital temperature meter এবং relay এর terminal connection পরীক্ষা করে টাইট দেওয়া হয়েছে। CT's, PT's, fuse এবং heater পরিদর্শন করা হয়েছে। প্যানেলের সমস্ত terminal connection পরীক্ষা করে টাইট দেওয়া হয়েছে।

চিত্রঃ 11 KV switchgear এ কাজের সময়

৩. ইঞ্জিন #১ এর auxiliary system-এর ছয় মাস মেয়াদী schedule maintenance সম্পন্ন করা হয়েছে (যেমন: leak pump motor, turning gear motor, oil mist separator motor, CFE panel, CFC panel ইত্যাদি সার্ভিসিং করা)। সকল motor এবং cooling fan পরীক্ষা ও পরিষ্কার করা হয়েছে। সকল terminal connection পরীক্ষা করে টাইট দেওয়া হয়েছে। Motor-গুলোর current এবং vibration পরিমাপ করা হয়েছে।





চিত্রঃ ইঞ্জিন #১ এর auxiliary system-এর maintenance কাজের সময়

৪. ইঞ্জিন ১, ২, এবং ৩ এর L2 schedule maintenance এর আওতায় Stator এবং rotor winding পরিষ্কার করা হয়েছে। Anti-condensating heater পরিদর্শন করা হয়েছে এবং এর resistance ও current পরিমাপ করা হয়েছে। সবকিছু স্বাভাবিক পাওয়া গেছে। Rotor pole surface body পরিদর্শন করে কিছু জায়গায় মরিচা (rust) পাওয়া গেছে ও তা

পরিষ্কার করা হয়েছে। Diode-এর অবস্থা পরীক্ষা করা হয়েছে এবং ঠিক পাওয়া গেছে। সকল temperature sensor-এর resistance পরিমাপ করা হয়েছে এবং সবকিছু স্বাভাবিক পাওয়া গেছে।




চিত্রঃ ইঞ্জিন ১, ২, এবং ৩ এর L2 schedule maintenance এর কাজের সময়

অত্র এনডব্লিউপিজিসিএল বার্তায় জুলাই-সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে সংঘটিত কোম্পানির গুরুত্বপূর্ণ কার্যাবলীর সচিত্র তথ্যাবলী সকলের সদয় অবগতির জন্য প্রকাশ করা হলো। তথ্যের অবাধ প্রবাহ সুনিশ্চিত করতে ও কোম্পানির কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করতে এ ত্রৈমাসিক প্রকাশনা অনন্য ভূমিকা পালন করবে বলেই আমাদের বিশ্বাস। সকলের আগ্রহের প্রেক্ষিতে ভবিষ্যতেও 'এনডব্লিউপিজিসিএল বার্তা' প্রকাশিত হবে।

উল্লেখ্য, এখানে প্রকাশিত যাবতীয় তথ্যাদির মালিকানা নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ তথা বাংলাদেশ সরকারের। এখানে ব্যবহৃত তথ্যাদি/ছবি শুধুমাত্র সকলকে অবহিত করার জন্য প্রকাশিত হয়েছে। এর বাইরে এ সকল তথ্যাদি ও ছবি বিনাঅনুমতিতে ব্যবসায়িক কাজে ব্যবহারের নিমিত্ত কোনোরূপ মুদ্রণ বা প্রতিলিপি তৈরি করা যাবে না বা অন্য কোনো প্রকাশনায় ব্যবহার করা যাবে না।